CENTRAL LIBRARY N.C.COLLEGE



# TDC (CBCS) Odd Semester Exam., 2018

## BENGALI

**( 1st Semester )**

Course No. : BNGHCC–101T

( বাংলা সাহিত্যের ইতিহাস : প্রাচীন ও মধ্যযুগ )

*পূর্ণমান* : ৭০

*উত্তীর্ণমান* : ২৮

*সময়* : ৩ ঘণ্টা

*পার্শ্বস্থ সংখ্যা পূর্ণমান নির্দেশক*

### UNIT—I

১। সংক্ষিপ্ত উত্তর দাও (যে কোনো দুটি) : ২×২=৪

(ক) বাংলা সাহিত্যের ইতিহাসকে কটি যুগে বিভক্ত করা হয়েছে? বাংলা সাহিত্যের একজন ইতিহাসকারের নাম লেখো।

(খ) বাংলা সাহিত্যের প্রাচীনতম নিদর্শনটি কে, কোথা থেকে আবিষ্কার করেন?

(গ) চর্যাপদের পদকর্তারা কোন্ ধর্মাবলম্বী ছিলেন? তাঁরা কোন্ ভাষায় পদ রচনা করেছেন?

CENTRAL LIBRARY N.C.COLLEGE



২। বাংলা সাহিত্যের ইতিহাসের যুগবিভাজন উল্লেখ করে প্রাচীন ও আদি-মধ্যযুগের রচনাগুলির সংক্ষিপ্ত পরিচয় দাও। ১০

*অথবা*

"ভাষাতত্ত্ব, সমাজতত্ত্ব, দার্শনিকতা এবং আদি বাংলা সাহিত্যের সার্থক দৃষ্টান্ত হিসেবে 'চর্যাচর্যবিনিশ্চয়' একখানি স্মরণীয় সংকলন।" আলোচনা করো। ১০

## UNIT—II

৩। সংক্ষিপ্ত উত্তর দাও (যে কোনো দুটি) : ২×২=৪

(ক) 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যের রচয়িতা কে? গ্রন্থটি কত সালে প্রকাশিত হয়?

(খ) বৈষ্ণব পদসাহিত্যের প্রাক্-চৈতন্যযুগের দুজন পদকর্তার নাম লেখো।

(গ) 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যে কয়টি খণ্ড আছে? শেষ খণ্ডটির নাম কী?

৪। বড়ুচণ্ডীদাস বিরচিত কাব্যটির বিষয় ও রচনা-বৈশিষ্ট্য সম্পর্কে সংক্ষিপ্ত আলোচনা করো। ১০

*অথবা*

বৈষ্ণব পদকর্তা হিসেবে বিদ্যাপতির কবিকৃতির পরিচয় দাও। ১০





## UNIT—III

৫। সংক্ষিপ্ত উত্তর দাও (যে কোনো দুটি) : ২×২=৪

(ক) বাংলা মঙ্গলকাব্যের প্রধান ধারা দুটি কী কী?

(খ) 'চণ্ডীমঙ্গল' কাব্যধারার শ্রেষ্ঠ কবি কে? তাঁর কাব্যটির নাম কী?

(গ) রায়গুণাকর উপাধিটি কে, কাকে দিয়েছিলেন?

৬। (ক) 'মনসামঙ্গল' কাব্যধারার যে কোনো দুজন কবির কবি-পরিচয় ও কাব্যকৃতি নিয়ে সংক্ষেপে আলোচনা করো। ১০

*অথবা*

(খ) অষ্টাদশ শতাব্দীর সর্বশ্রেষ্ঠ কবি ভারতচন্দ্র সমগ্র বাংলা সাহিত্যের এক প্রথম শ্রেণীর মার্জিত রুচি ও বিদগ্ধ সারস্বত সাধক—আলোচনা করো। ১০

## UNIT—IV

৭। সংক্ষিপ্ত উত্তর দাও (যে কোনো দুটি) : ২×২=৪

(ক) 'রামায়ণ' অনুবাদক কৃত্তিবাসের জন্মস্থান কোথায় ছিল? কবি কৃত্তিবাসকে 'এ বঙ্গের অলঙ্কার'কে বলছেন?

(খ) কাশীরাম দাসের পৈতৃক উপাধি কি ছিল? কোন্ গ্রামে তাঁর জন্ম হয়?

(গ) কাশীরাম দাস কটি পর্বে 'মহাভারত' অনুবাদ করেন? গ্রন্থটির রচনাকাল উল্লেখ করো।

CENTRAL LIBRARY N.C.COLLEGE



৮। (ক) “কৃত্তিবাসী রামায়ণে বাঙালীর দৈনন্দিন জীবনের ছায়াপাত ঘটেছে।” এই মন্তব্যটি আলোচনা করো। ১০

*অথবা*

(খ) ‘মহাভারত’ অনুবাদক হিসেবে কাশীরাম দাসের কাব্যপ্রতিভার পরিচয় দাও। ১০

## UNIT—V

৯। সংক্ষিপ্ত উত্তর দাও (যে কোনো দুটি) : ২×২=৪

(ক) শাক্ত পদাবলীর অবলম্বিত রস কোনটি? ‘আগমনী-বিজয়া’ পর্বের শ্রেষ্ঠ কবি কে?

(খ) দৌলতকাজী কোন্ রাজসভার কবি? তাঁর রচিত কাব্যের নাম কী?

(গ) আলাওল কোন্ যুগের কবি? তাঁর ‘পদ্মাবতী’ কোন্ গ্রন্থ অবলম্বনে রচিত?

১০। (ক) শাক্ত পদাবলীর ‘আগমনী-বিজয়া’ পর্ব অবলম্বনে রামপ্রসাদ সেনের কবিকৃতি উল্লেখ করো। ১০

*অথবা*

(খ) আরাকান রাজসভার যে কোনো একজন কবি ও তাঁর কাব্য সম্পর্কে আলোচনা করো। ১০

★★★

CENTRAL LIBRARY N.C.COLLEGE

**2018/TDC/ODD/BNGC–102T/065**

**TDC (CBCS) Odd Semester Exam., 2018**

# BENGALI

**( 1st Semester )**

Course No. : BNGHCC–102T

**( প্রাচীন ও মধ্যযুগের বাংলা সাহিত্য )**

*পূর্ণমান* : ৭০
*উত্তীর্ণমান* : ২৮

*সময়* : ৩ ঘণ্টা

*পার্শ্বস্থ সংখ্যা পূর্ণমান নির্দেশক*

## ক—বিভাগ

১। যে কোনো দুটি প্রশ্নের সংক্ষিপ্ত উত্তর দাও : ২×২=৪

(ক) 'হাজার বছরের পুরানো বাংলা ভাষায় বৌদ্ধ গান ও দোঁহা' নামক গ্রন্থটি কার সম্পাদনায়, কোন্ প্রকাশন সংস্থা থেকে প্রকাশিত হয়েছিল ?

(খ) শূন্যস্থান পূর্ণ করো :

"অপণা মাংসেঁ _____ _____ ।"

(গ) 'চর্যাপদ'-এর যে কোনো দুজন পদকর্তার নাম লেখো।

২। (ক) 'চর্যাপদ'-এ প্রতিফলিত সামাজিক জীবনযাত্রার চিত্র বর্ণনা করো। ১০

CENTRAL LIBRARY N.C.COLLEGE



*অথবা*

(খ) "ভবণই গহণ গম্ভীর বেগেঁ বাহী।"
চাটিলপাদ বিরচিত পাঁচ সংখ্যক এই পদটির মর্মার্থ বিশ্লেষণ করো। ১০

## খ—বিভাগ

৩। যে কোনো দুটি প্রশ্নের সংক্ষিপ্ত উত্তর দাও : ২×২=৪

(ক) রূপ গোস্বামী শৃঙ্গার বা উজ্জ্বল রসকে দু'ভাগে ভাগ করেছেন। ভাগ দুটি কী কী?

(খ) "ঘরের বাহিরে দণ্ডে শতবার"
এই বৈষ্ণব পদটি কোন্ পর্যায়ের এবং পদকর্তা কে?

(গ) শূন্যস্থান পূর্ণ করো :
"কণ্টক গাড়ি ______ পদতল
মঞ্জীর ______ ঝাঁপি।"

৪। (ক) তোমার পাঠ্যতালিকাভুক্ত 'পূর্বরাগ' পর্যায়ের পদগুলির কাব্যসৌন্দর্য বিচার করো। ১০

*অথবা*

(খ) 'অভিসার' পর্যায়ের শ্রেষ্ঠ কবির নাম উল্লেখ করে এই পর্যায়ের পদরচনায় কবির কৃতিত্বের পরিমাপ করো। ১০





## গ—বিভাগ

৫। যে কোনো দুটি প্রশ্নের সংক্ষিপ্ত উত্তর দাও : ২×২=৪

(ক) মুকুন্দরাম চক্রবর্তীর 'চণ্ডীমঙ্গল' কাব্যের খণ্ড দুটির নাম কী কী?

(খ) কালকেতু-ফুল্লরা স্বর্গের কোন্ দুইজন শাপভ্রষ্ট দেব-দেবী?

(গ) "সোনারূপা নহে বাপা এ বেঙ্গা পিতল।
ঘসিয়া মাজিয়া বাপু করেছ উজল॥"
এখানে কোন্ বস্তুকে পিতলের বলা হয়েছে এবং বক্তা কে?

৬। (ক) "কবিকঙ্কণ মঙ্গলকাব্যের চিরাচরিত বারমাস্যার বর্ণনাকে জীবন্ত করে তুলেছেন—নারী মনস্তত্ত্বের রূপায়ণে।" মুকুন্দরামের 'চণ্ডীমঙ্গল' কাব্যের 'ফুল্লরার বারমাস্যা' অংশটি আলোচনা করে উক্তিটির যাথার্থ্য নিরূপণ করো। ১০

*অথবা*

(খ) "এ যুগে জন্মগ্রহণ করিলে তিনি যে কবি না হইয়া একজন ঔপন্যাসিক হইতেন, তাহাতে সংশয়মাত্র নাই।" মুকুন্দরামের 'চণ্ডীমঙ্গল' কাব্যের কালকেতুর কাহিনিতে উপন্যাস-লক্ষণের উপস্থিতি প্রসঙ্গে বিশিষ্ট সমালোচকের এই মন্তব্যটি বিশদ করো। ১০

CENTRAL LIBRARY N.C.COLLEGE



## ঘ—বিভাগ

৭। যে কোনো দুটি প্রশ্নের সংক্ষিপ্ত উত্তর দাও : ২×২=৪

(ক) চৈতন্যদেবের জন্মস্থান ও পিতৃভূমির নাম লেখো।

(খ) ‘‘হইল পাপিষ্ঠ জন্ম না হৈল তখনে।
ইহলাভ বঞ্চিত সে মুখ দরশনে॥’’

‘চৈতন্যভাগবত’-এর আদিখণ্ডের দশম অধ্যায়ে এই আক্ষেপটি কার এবং এমন আক্ষেপের কারণ কী?

(গ) ‘চৈতন্যভাগবত’-এর প্রথম নাম কি ছিল? চৈতন্যলীলার ব্যাস কাকে বলা হয়?

৮। (ক) ‘চৈতন্যভাগবত’-এর আদিখণ্ড অবলম্বনে চৈতন্যের বাল্যলীলা বর্ণনা করো। ১০

*অথবা*

(খ) ‘‘ ‘চৈতন্যভাগবত’ ভক্তের রচনা হলেও ভক্তির সঙ্গে সমাজমনস্কতাও জড়িত।’’ গ্রন্থ অবলম্বনে তৎকালীন গ্রাম-সমাজের সংক্ষিপ্ত পরিচয় দাও। ১০

## ঙ—বিভাগ

৯। যে কোনো দুটি প্রশ্নের সংক্ষিপ্ত উত্তর দাও : ২×২=৪

(ক) ‘শাক্ত পদাবলী’র কোন্ দুটি পর্যায় তোমাদের পাঠ্য এবং এই পর্যায়ের পদগুলোর প্রধান রস কী?





(খ) কোন্ শাক্ত পদকর্তার উপাধি ‘কবিরঞ্জন’ এবং এই উপাধি কে দিয়েছেন?

(গ) ‘‘ওরে নবমী নিশি না হইওরে অবসান,
শুনি দারুণ তুমি, না রাখ সতের মান।’’

পংক্তি দুটি কোন্ পর্যায়ের এবং কার রচনা?

১০। (ক) ‘‘ ‘শাক্ত পদাবলী’র ‘আগমনী’ ও ‘বিজয়া’ পর্যায়ের পদে হিমালয় ও মেনকার গার্হস্থ্যজীবন ও তৎকালীন সমাজের পরিচয় পাওয়া যায়।’’ আলোচনা করো। ১০

*অথবা*

(খ) ‘‘গিরি, এবার আমার উমা এলে আর উমা পাঠাবো না।
বলে বলবে লোকে মন্দ, কারো কথা শুনব না।’’

‘আগমনী’ পর্যায়ের এই শাক্ত পদটিতে মাতৃহৃদয়ের যে আকুতি প্রকাশিত হয়েছে তা সংক্ষেপে আলোচনা করো। ১০

***